

লাজুক দুঃখগুলি

একা একা বসে থাকে আনন্দ সভায়  
বয়স্কসকাল চেনে দুধওলা, সজ্জিওলা, পিওনের ফেলে যাওয়া চিঠি,

অরণ্যে ঝল্লরী বাজে বসন্তের বার্তা এলো দেখো  
শব্দের অরণ্যে যায় একা একা আশংসা বিহুল,

খোঁজো তাকে, খুঁজে দেখো, কিভাবে খুঁজবে জানে পাখি  
দীঘল বাঁচার কথা বড় বেশী কাতরতা শেখে  
সে নদী তোমার নয় যে নদীর জল তুমি ছুঁয়েও দেখনি  
দেউলে ঈঁর নেই কোথায় প্রণাম রেখে এইভাবে  
দীর্ঘকাল বাঁচি!

শব্দের অরণ্যে বাঁচা ভোরের আলো দেখে মাধুর্যের মুখে  
কাশবনে হাওয়া দিলে বন তাকে যত্ন করে রাখে  
বড় বেশী কথা হলো ভেবে আয়ু বলে চলে যাই  
একা একা থাকে অর্কিডের গায়ে।

অনির্বাণ চট্টোপাধ্যায়

